বাগেরহাটে পুলিশের সহযোগীতায় হারানো মোবাইল ফোন ফিরে পেলেন সাংবাদিক

বাগেরহাট জেলা পুলিশের সহযোগীয় অবশেষে দুই মাস পর হারিয়ে যাওয়া মোবাইল ফোন ফিরে পেলেন ফোনটির প্রকৃত মালিক।
উদ্ধারের পর বুধবার (২২ জানুয়ারী) বিকেলে বাগেরহাট পুলিশ সুপারের কার্যালয়ে অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজ আফজাল হারিয়ে যাওয়া মোবাইলটি আরটিভি, বাংলাট্রিবিউ ও বাংলাদেশের খবরের বাগেরহাট প্রতিনিধি এস এম সামছুর রহমানের কাছে হস্তান্তর করেন।

সাংবাদিক এস এম সামছুর রহমান জানান, গত বছরের ২২ নভেম্বর দুপুরে রামপাল উপজেলা আওয়ামী লীগের সম্মেলনে সংবাদ সংগ্রহকালে তার ব্যবহৃত আসুস জেনফোন স্মার্ট ফোনটি হারিয়ে যায়। এঘটনার পর তিনি রামপাল থানায় একটি সাধারন ডায়েরী করে অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজ আফজালকে জানান। পুলিশ প্রযুক্তি ব্যবহার করে মোবাইল ফোনটি উদ্ধার করে।

বাগেরহাট প্রেসক্লাবের সাধারন সম্পাদক আলহাজ্ব আব্দুল বাকি তালুকদার সাংবাদিকের মোবাইল ফোনটি উদ্ধার করে ফেরত দেয়ায় জেলা পুলিশকে ধন্যবাদ জানিয়ে সাধারন মানুষের কল্যানের বাগেরহাট জেলা পুলিশকে এমন ভূমিকা অব্যহত রাখার আহবান জানান।

বাগেরহাটের অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজ আফজাল বলেন, পুলিশ সব সময় জনগনের জান-মাল রক্ষার দায়িত্বে নিয়োজিত থাকে। হারিয়ে যাওয়া মোবাইলটি বিশেষ প্রযুক্তি ব্যবহার করে উদ্ধার করে প্রকৃত মালিকের কাছে হস্তান্তর করা হয়েছে।

উল্লেখ, মোবাইল ফোনটি উদ্ধার করতে বাগেরহাট পুলিশ সুপারের কার্যালয়ের ল্যাব বিভাগে দায়িত্বরত মনিরুজ্জামান বিশেষ ভুমিকা পালন করে।